**চামড়া শিল্পে ব্যবহার উপযোগী পরিবেশবান্ধব এনজাইম উদ্ভাবন ও উৎপাদন**

অর্থায়নঃ ন্যাশনাল ইনস্টিটিউট অব বায়োটেকনোলজি
বাস্তবায়নঃ মাইক্রোবিয়াল বায়োটেকনোলজি বিভাগ

প্রিন্সিপাল ইনভেস্টিগেটর: ড. আবু হাশেম, প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (চলতি দায়িত্ব) ও বিভাগীয় প্রধান

চামড়া আমাদের তৃতীয় রপ্তানী আয়কারী পণ্য। আমাদের দেশে চামড়া প্রক্রিয়াজাতকরণে পরিবেশ ও স্বাস্থ্যের জন্য ক্ষতিকর রাসায়নিক দ্রব্যাদি ব্যবহার করা হয়। পরিবেশবান্ধব এনজাইম ব্যবহার করা হলে একদিকে যেমন পরিবেশ দূষণ রোধ হবে, অপরদিকে চামড়া গুণগতমান বৃদ্ধি পাবে; চামড়া ও চামড়াজাত পণ্যের রপ্তানী মূল্য ও চাহিদা বৃদ্ধি পাবে। উন্নত দেশগুলোতে ইতোমধ্যে এসব রাসায়নিক দ্রব্যাদির পরিবর্তে পরিবেশ বান্ধব এনজাইম ব্যবহার করা হচ্ছে। আমাদের দেশেও ইতিমধ্যে কিছু সচেতন শিল্প কারখানায় আমদানিকৃত প্রোটিয়েজ, ক্যারাটিনেজ ইত্যাদি এনজাইম ব্যবহার শুরু হয়েছে। এমতাবস্থায়, চামড়া প্রক্রিয়াকরণে জন্য রাসায়নিক দ্রব্যাদির পরিবর্তে পরিবেশবান্ধব এনজাইম ব্যবহার করা হলে গুণগম মানের পণ্যসহ বৈদেশিক মুদ্রা সাশ্রয় হবে। দেশে স্বল্পমূল্যে এসব পরিবেশবান্ধব এনজাইম উৎপাদনের কৌশল উদ্ভাবনের লক্ষ্যে এ গবেষণা কাযক্রম গ্রহণ করা হয়েছে।

